

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

৩৪৪২

আগরতলা, ২৪ অক্টোবর, ২০২৩

বিদায়ী রাজ্যপালকে গার্ড অব অনার

রাজভবনে আজ সকালে বিদায়ী রাজ্যপাল সত্যদেও নারাইন আর্ষকে টিএসআর বাহিনীর জওয়ানদের পক্ষ থেকে গার্ড অব অনার দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। তিনি অনুষ্ঠান শেষে সাংবাদিকদের সাথে কথা বলতে গিয়ে জানান, বিদায়ী রাজ্যপাল সত্যদেও নারাইন আর্ষের সঙ্গে রাজ্য সরকারের সম্পর্ক খুবই মধুর ছিল। মুখ্যমন্ত্রী বিদায়ী রাজ্যপালের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ শুভ বিজয়া দশমী উপলক্ষে রাজ্যবাসীকে প্রীতি ও শুভেচ্ছা জানিয়েছেন। তাছাড়াও গার্ড অব অনার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুল্লাচরণ নোয়াতিয়া, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য, মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশ মহানির্দেশক অমিতাভ রঞ্জন প্রমুখ।
